# JENPAUH Previous Question 2016 – Biological Science

**Each Question carry 2 marks** **Full Marks-100**

**1. টেনডন(tenden)-এর অস্থি গঠনের মাধ্যমে যে অস্থি তৈরি হয়, তা হল**

(a) ডারমাল অস্থি (b) তরুণাস্থি

(c) সেসাময়েড অস্থি (d) মেমব্রেন অস্থি

**2. ক্যাসপেরিয়ান স্ট্রিপ যেখানে দেখা যায়**

(a) অন্তস্তক-এ (b) বহিস্তক-এ

(c) পরিচক্র-এ (d) বহিস্তর-এ

**3. লসিকা, রক্ত থেকে আলাদা হয়**

(a) অধিক লোহিত রক্তকণিকা ও অল্প শ্বেত রক্তকণিকা আছে বলে

(b) অল্প লোহিত রক্তকণিকা ও অধিক শ্বেত রক্তকণিকা আছে বলে

(c) কোনো লোহিত রক্তকণিকা না থাকায় ও অল্প শ্বেত রক্তকণিকা আছে বলে

(d) কোনো লোহিত রক্তকণিকা না থাকায় ও অধিক শ্বেত রক্তকণিকা আছে বলে

**4. নীচের কোন্‌টি জাইলেম কলায় পাওয়া যায় না?**

(a) ট্রাকিড (b) ট্র্যাকিয়া

(c) সঙ্গীকোষ (d) জাইলেম তন্তু

**5. গ্লুকোনিওজেনেসিস-এ**

(a) গ্লুকোজ পরিবর্তিত হয় গ্লাইকোজেনে

(b) গ্লাইকোজেন পরিবর্তিত হয় গ্লুকোজে

(c) শর্করা পরিবর্তিত হয় স্নেহ পদার্থে

(d) গ্লুকোজ তৈরি হয় অ-শর্করা থেকে

**6. নীচের কোন্‌টি নাইট্রিফিকেশন-এ যুক্ত নয়?**

(a) *Nitrosomonas* (b) *Nitrobacter*

(c) *Nitrosococcus* (d) *Thiobacillus*

**7. ফ্যাটের অবদ্রবণ কার দ্বারা হয়?**

(a) পিত্ত উৎসেচক (b) পিত্তলবন

(c) লাইপেজ (d) কোলেস্টেরল এস্টারেজ

**8. নীচের কোন্‌টি সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় অক্সিজেন উৎপন্ন করে না?**

(a) *Rhodospirillum rubrum*

(b) *Riccia*

(c) *Pisum sativum*

(d) *Nostoc muscorum*

**9. যুক্তপরাগধানী পুংকেশর পাওয়া যায়**

(a) ল্যাবিয়েটিতে (b) সোলানেসিতে

(c) মালভেসিতে (d) অ্যাসটেরেসিতে

**10. *Mimosa* উদ্ভিদের পত্র সঞ্চালনকে বলা হয়**

(a) আলোকব্যাপ্তি (b) স্পর্শব্যাপ্তি

(c) তাপ-আলোকব্যাপ্তি (d) ঊর্ধ্ব ব্যাপ্তি

**11. যে উৎসেচক গ্লুকোজ থেকে গ্লুকোজ-6-ফসফেট তৈরি করে তা হল**

(a) গ্লুকোজ সিনথেটেজ (b) হেক্সোকাইনেজ

(c) ফসফোরাইলেজ (d) গ্লুকোজ-6 ফসফাটেজ

**12. বুগেট কোশ দেখা যায়**

(a) ধমনীর প্রাচীরে (b) শিরার প্রাচীরে

(c) রক্তজালকের প্রাচীরে (d) হৃৎপিণ্ডে

**13. একটি নির্দিষ্ট প্রজাতির সম্পর্কিত আলোচনাকে বলে**

(a) অটইকোলজি (b) সিনকোলজি

(c) (a) ও (b) উভয়ই (d) উপরের কোনোটিই নয়

**14. পর্ণকাণ্ড একটি পরিবর্তিত**

(a) মূল (b) কাণ্ড

(c) পাতা (d) পুষ্প

**15. নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি *Wuchereria bancrofti*-র অন্তর্বর্তী বাহক রূপে কাজ করে?**

(a) *Phlebotomus argentipes*

(b) *Aedes aegypti*

(c) *Musca domestica*

(d) *Culex fatigans*

**16. ক্লাইনফেল্টার সিনড্রোমের ক্ষেত্রে নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি পর্যবেক্ষণ করা যায়?**

(a) ট্রাইসোমি (b) মনোসোমি

(c) টেট্রাসোমি (d) নালিসোমি

**17. রাইবোজোম যে উপাদান দ্বারা গঠিত তা হল**

(a) RNA ও DNA (b) DNA ও প্রোটিন

(c) RNA ও প্রোটিন (d) প্রোটিন ও লিপিড

**18. ফাইলোড পাওয়া যায়**

(a) সবুজ উদ্ভিদ-এ (b) জলজ উদ্ভিদ-এ

(c) স্থলজ উদ্ভিদ-এ (d) সমাঙ্গদেহী উদ্ভিদ-এ

**19. ডারউইন রচিত "অরিজিন অফ স্পিসিস"______ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়**

(a) 1859 (b) 1901

(c) 1831 (d) 1779



collegedunia.com
India's largest Student Review Platform

20. নীচের কোন্ ভাইরাসটি আবরণযুক্ত?
(a) টোবাকো মোজাইক ভাইরাস
(b) এডিনো ভাইরাস
(c) ইনফ্লুয়েনজা ভাইরাস
(d) রোটা ভাইরাস

21. রসাল সবুজ উদ্ভিদে রাতে ম্যালিক অ্যাসিড জমা হয়। $CO_2$ বিপাকের এই প্রক্রিয়াকে বলে
(a) বিটা কার্বক্সিলেসন
(b) হ্যাচ ও স্ল্যাক বিক্রিয়া পথ
(c) ক্রাসুলেসীয় অম্ল বিপাক
(d) কেলভিন চক্র

22. বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়
(a) 15 মার্চ (b) 15 এপ্রিল
(c) 4 মে (d) 5 জুন

23. বাণিজ্যিকভাবে কীটনাশক উৎপাদনে ব্যবহৃত ব্যাকটেরিয়াটি হল
(a) *Streptomyces rubrus*
(b) *Yersinea pestis*
(c) *Staphylococcus aureus*
(d) *Bacillus thuringiensis*

24. নিম্নলিখিত উৎসেচকগুলির মধ্যে কোন্‌টি DNA সংশ্লেষের সময় ওকাজাকি খণ্ডকগুলিকে যুক্ত করে?
(a) DNA পলিমারেজ III (b) DNA লাইগেজ
(c) হেলিকেজ (d) টেলোমারেজ

25. কোন্‌টি সর্ববৃহৎ ক্রোমোজোম?
(a) ল্যাম্পব্রাশ ক্রোমোজোম (b) পলিটিন ক্রোমোজোম
(c) X ক্রোমোজোম (d) Y ক্রোমোজোম

26. নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি মিলারের পরীক্ষার সঙ্গে যুক্ত নয়?
(a) হাইড্রোজেন গ্যাস (b) মিথেন গ্যাস
(c) অ্যামোনিয়া গ্যাস (d) কার্বন ডাইঅক্সাইড গ্যাস

27. ক্ষুদ্রান্ত্রের এপিথেলিয়াম-এর গবলেট কোশ ক্ষরণ করে
(a) উৎসেচক (b) হরমোন
(c) মিউকাস (d) অ্যাসিড

28. RNA থেকে DNA উৎপাদন ত্বরান্বিত করে যে উৎসেচক
(a) লাইগেজ (b) হেলিকেজ
(c) DNA পলিমারেজ (d) রিভার্স ট্রান্সক্রিপটেজ

29. এরিটিনয়েড তরুণাস্থি দেখা যায়
(a) নাসিকায় (b) শ্বাসনালীতে
(c) হাইওয়েড-এ (d) উরঃফলক-এ

30. ব্যাকটিরিয়াতে ট্রান্সডাকশান সম্পন্ন হয় যার দ্বারা তা হল
(a) কসমিড (b) ফ্যাক্টর
(c) জীবাণুবিধ্বংসী ভাইরাস (d) প্লাসমিড ভেক্টর

31. *Cuscuta* sp.একটি
(a) আংশিক কাণ্ড পরজীবী
(b) মূল পরজীবী
(c) সম্পূর্ণ রূপে কাণ্ড পরজীবী
(d) পরগাছা

32. নিম্নলিখিত কোন্‌টি অমরা নিঃসৃত হরমোন নয়?
(a) গ্যাসট্রিন (b) রেনিন
(c) ইস্ট্রোজেন (d) প্রোজেস্টেরন

33. নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি 'ডিপ্লয়েড' প্রকৃতির?
(a) স্পার্মাটিড
(b) শুক্রাণু
(c) সেকেন্ডারি স্পার্মাটোসাইট
(d) প্রাইমারি স্পার্মাটোসাইট

34. রাইবোজাইম হল একটি
(a) শর্করাহীন RNA
(b) ফসফেটহীন RNA
(c) RNA যা এনজাইম হিসেবে কাজ করে
(d) অতিরিক্ত ফসফেট যুক্ত RNA

35. অলফ্যাক্টরি এবং ফেসিয়াল স্নায়ু কী প্রকারের করোটীয় স্নায়ু?
(a) সংবেদী ও মিশ্র (b) সংবেদী ও চেষ্টীয়
(c) চেষ্টীয় ও মিশ্র (d) উপরের কোনোটিই নয়

36. জীবমণ্ডল সংরক্ষণ পরিকল্পনা ভারতে শুরু হয়
(a) 1984 খ্রিস্টাব্দে (b) 1985 খ্রিস্টাব্দে
(c) 1986 খ্রিস্টাব্দে (d) 1989 খ্রিস্টাব্দে

37. কোশ তত্ত্বের প্রবক্তা হলেন
(a) শ্লেইডেন ও সোয়া (b) সিঙ্গার ও নিকোলসন
(c) রোবিনসন ও ব্রাউন (d) অল্টম্যান ও বেন্ডা

38. ফুলে উপরিস্থিত ডিম্বাশয় থাকলে সেই ফুলকে বলা হয়
(a) গর্ভপাদী (b) গর্ভশীর্ষপুষ্পী
(c) বহুগর্ভপত্রী (d) গর্ভকটি

39. প্রাথমিক উৎপাদনশীলতার পরিমাপের একক হল
(a) $g/m^2/yr$ (b) $joule/km^2/yr$
(c) calvin/annum (d) $g/km^2$

40. নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি 'মিনামাটা' রোগ সৃষ্টির জন্য দায়ী?
(a) লেড বা সিসা (b) অ্যামোনিয়া
(c) মার্কারি বা পারদ (d) বেনজিন হেক্সাক্লোরাইড

41. গুরুত্বপূর্ণ তন্তু উৎপাদনকারী উদ্ভিদটি হল
(a) *Corchorus capsularis*
(b) *Citrus medica*
(c) *Bambusa arundinacea*
(d) *Basella rubra*



collegedunia
India's largest Student Review Platform

42. **নতুন প্রজাতি ও গণের উৎপত্তিকে বলে**

(a) কো-ইভোলিউশন

(b) ম্যাক্রো-ইভোলিউশন

(c) মাইক্রো-ইভোলিউশন

(d) মেগা-ইভোলিউশন

43. **ওপেরন মডেলটি কে প্রস্তাব করেন?**

(a) বিডিল ও টটাম (b) জেকব ও মোনড

(c) ওয়াটসন ও ক্রিক (d) মেন্ডেল

44. **নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি রেশমকীটের ছত্রাকঘটিত রোগ?**

(a) গ্রিন মাস্কারডাইন (b) সেপ্টিসিমিয়া

(c) গ্রাসেরি (d) ফ্লাচেরি

45. **নিউক্লিওসাইড-এর অন্তর্গত**

(a) পেন্টোজ সুগার ও একটি নাইট্রোজেন বেস

(b) পেন্টোজ সুগার ও একটি নাইট্রোজেন বেস এবং একটি ফসফেট

(c) হেক্সোজ সুগার ও একটি নাইট্রোজেন বেস

(d) হেক্সোজ সুগার ও একটি নাইট্রোজেন বেস এবং একটি ফসফেট

46. **যে ব্যাকটিরিয়ার একটি মেরুতে একটি মাত্র ফ্ল্যাজেলাম থাকে, তাকে বলে**

(a) লোফোট্রিকাস (b) মোনোট্রিকাস

(c) আট্রিকাস (d) অ্যাম্ফিট্রিকাস

47. **'অরনিথিন চক্র' সম্পন্ন করে**

(a) ATP সংশ্লেষ

(b) প্লীহাতে ইউরিয়া উৎপাদন

(c) যকৃতে ইউরিয়া উৎপাদন

(d) যকৃতে মূত্র উৎপাদন

48. **সমসংস্থ ক্রোমোজোমের পৃথকীকরণ ঘটে**

(a) ডিপ্লোটিন-এ

(b) ডায়াকাইনেসিস-এ

(c) মেটাফেজ I-এ

(d) অ্যানাফেজ I-এ

49. **স্তন্যপায়ী প্রাণীতে করপাস ক্যালোসাম যুক্ত করে**

(a) পেশীর সঙ্গে অস্থির

(b) মধ্যমস্তিষ্ক-এর সঙ্গে মেডুলা অবলংগাটার

(c) দুটি সেরিব্রাল হেমিস্ফিয়ার

(d) একটি অস্থির সঙ্গে অপর একটি অস্থির

50. **যে উভয়লিঙ্গ ফুলে গর্ভকেশরচক্র পুংকেশরের আগে পরিণত হয় তাকে বলে**

(a) প্রোট্যানড্রি (b) প্রোটোগাইনি

(c) হেটেরোগ্যামি (d) অটোগ্যামি

collegedunia
India's largest Student Review Platform